

## কর্মকর্তারা বিশ্ব সাক্ষরতার উপর হোয়াইট হাউজ সম্মেলনের জন্য প্রস্তুতি নিচ্ছেন

এলিজাবেথ কিলিহার  
ওয়াশিংটন ফাইল স্টাফ রাইটার

ওয়াশিংটন, ১৪ই সেপ্টেম্বর -- গত ৬ই সেপ্টেম্বর হোয়াইট হাউজ এবং যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তরের কর্মকর্তাগণ বিশ্ব সাক্ষরতা সম্পর্কে হোয়াইট হাউজ সম্মেলন নিয়ে আলোচনার জন্য বিভিন্ন দেশের দূতাবাস কর্মকর্তাদের সাথে মিলিত হন। আগামী ১৮ই সেপ্টেম্বর নিউইয়র্কে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।

ফাস্ট লেডি লরা বুশের চীফ অব স্টাফ অনিতা ম্যাকব্রাইড কর্মকর্তাদের স্বাগত জানিয়ে বলেন যে, ফাস্ট লেডি জাতিসংঘ সাক্ষরতা দশকের অনারারি রাষ্ট্রদূতের ভূমিকা 'অত্যন্ত গুরুত্বের' সাথে নিয়েছেন এবং তিনি একটি ব্যাপক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বিশ্বব্যাপী সফল স্বাক্ষরতা কর্মসূচীগুলো তুলে ধরতে চান।

বিভিন্ন দেশের ফাস্ট লেডি, মহিলা রাষ্ট্র প্রধানদের স্বামী এবং অধিক জনসংখ্যা অধ্যুসিত অথবা সাক্ষরতার ক্ষেত্রে পিছিয়ে থাকা দেশগুলোর শিক্ষা মন্ত্রীদের সাক্ষরতা সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়েছে। যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের হিসাব মতে, আনুমানিক ২৫ জন ফাস্ট লেডি এবং ৪০ জন শিক্ষা মন্ত্রী সম্মেলনে অংশগ্রহণের ব্যাপারে সাড়া দিয়েছেন। ৬ই সেপ্টেম্বরের অনুষ্ঠানে ত্রিনিদাদ-টোবাকো, মোজাম্বিক, হন্ডুরাস, বুলগেরিয়া, জর্ডান এবং অন্যান্য দূতাবাস থেকে আগত কর্মকর্তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেয়া হয়।

লরা বুশ নিউ ইয়র্কের পাবলিক লাইব্রেরীতে অনুষ্ঠিতব্য ঐ বিশ্ব সম্মেলনের উদ্বোধনী ও সমাপনী অধিবেশনে বক্তৃতা করবেন। বিশ্বব্যাপী মহিলা ও শিশুদের সাক্ষরতা বৃদ্ধিতে ফাস্ট লেডির

বিশেষ আগ্রহ রয়েছে এবং চলতি বছর আফগানিস্তান, লাইবেরীয়া ও ঘানা সফরের সময় তিনি এ বিষয়ের উপর কথা বলেছেন।

জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান এবং সংস্কৃতিক সংগঠনের (ইউনেস্কো) মতে, বিশ্বের ৭৭ কোটিরও বেশী বয়স্ক মানুষ পড়তে পারে না। এদের দুই-তৃতীয়াংশেরও বেশী হচ্ছে মহিলা যাদের সাক্ষরতার অভাব রয়েছে। ইউনেস্কোর প্রতিবেদন মতে, দশ কোটি শিশু স্কুলে যায় না যাদের অধিকাংশই হল চরম দারিদ্র পিড়িত অঞ্চলের ৩৫টি দেশের।

সম্মেলনে তিনটি প্যানেলে ৯টি দেশের ৯টি সাক্ষরতা কর্মসূচী উপস্থাপন করা হবে। প্রথম প্যানেলে মা ও শিশু সাক্ষরতা এবং শিক্ষার আন্তঃপ্রজন্ম সম্পর্ক বিষয়টি আলোচিত হবে। যুক্তরাষ্ট্র শিক্ষা দপ্তরের সচিব মার্গারেট স্পেলিংস এই প্যানেলের মডারেটর হিসেবে দায়িত্ব পালন করবেন। দ্বিতীয় অধিবেশনে স্বাস্থ্যের উপর সাক্ষরতার ইতিবাচক প্রভাব নিয়ে আলোচনা করা হবে। যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (ইউএসএআইডি) বৈদেশিক সহায়তা ও প্রশাসন বিষয়ক পরিচালক র্যান্ডাল টোবিয়াস এই প্যানেলের মডারেটরের দায়িত্ব পালন করবেন। আর তৃতীয় প্যানেলে অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনে সাক্ষরতার ভূমিকার বিষয়টি আলোচিত হবে যার মডারেটরের দায়িত্ব পালন করবেন মাইক্রোসফটের ভাইস প্রেসিডেন্ট জেরী হিলিয়ট।

সাতটি ভাষায় এই সম্মেলনে আলোচনা অনুষ্ঠিত হবে। সম্মেলনে মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হবে, যেসময়ে অংশগ্রহণকারীরা তাদের প্রতিক্রিয়া ও মতামত বিনিময় করতে পারে।

=====

*\*(ওয়াশিংটন ফাইল যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দফতরের অফিস অব ইন্টারন্যাশনাল ইনফরমেশন প্রোগ্রামস-এর একটি প্রকাশনা।)*

**জিআর/ ২০০৬**

**দ্রষ্টব্য:** এই নিবন্ধের ইংরেজি ভাষা ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’ প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং Website: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) এ যোগাযোগ করুন।